



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯-৬৬২

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯
০৯ মে ২০২২

বিষয়: ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানার ভূমিতে ঘর নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ হাবিবুল্লাহ বাশার, সভাপতি, বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা, সারুটিয়া, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানার ভূমিতে ঘর নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের অনুরোধ সম্বলিত সূত্রস্থ আবেদনের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

২। উক্ত ঘর নির্মাণের লক্ষ্যে তাঁর জেলা পরিষদ হতে একটি প্রকল্প গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ আবেদনের ছায়ালিপি।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের জন্য]।
- ৬। জনাব মোঃ হাবিবুল্লাহ বাশার, সভাপতি, বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা, সারুটিয়া, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।



বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা

Bir Muktijoddha Hazrat Ali Orphanage

প্রতিষ্ঠাকাল : ২০২০ খ্রিষ্টাব্দ (১৪৪১ হিজরী) | Establish : 2020 (1441 Hijri) | নিবন্ধন নম্বর : ম-০২০৮২

বাড়ী : ডিসি সাহেবের বাড়ী, গ্রাম : সারুটিয়া, ডাকঘর : তেলিগ্রাম, উপজেলা : ফুলবাড়িয়া, জেলা : ময়মনসিংহ

Website: www.bmhao.edu.bd • Email: bmhadumo@gmail.com • Mobile : +880 1322 497046

বরাবর

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

অতিরিক্ত সচিব (প্রশাসন)

CEO. Zilaparisad

ময়মনসিংহ বরাবর

স্বাক্ষর:

5:00 Loe

হেলালুদ্দীন আহমদ

সিনিয়র সচিব

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সি:

Kader/DIS

বিষয়: বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানার নিজস্ব জমিতে ঘর নির্মাণে আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন সারুটিয়া গ্রামে অবস্থিত বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানাটি সরকারি রেজিস্ট্রেশন ভুক্ত একটি প্রতিষ্ঠান। যার নিবন্ধন নম্বর-ম ০২০৮২। প্রতিষ্ঠানটি ৬ কক্ষ বিশিষ্ট একটি ঘর ভাড়া করে অত্যন্ত সুনামের সাথে দীর্ঘদিন ধরে এতিম ছাত্রদের প্রাথমিক শিক্ষা প্রদান, কোরআন শরীফ হেফজ করানো, কম্পিউটার প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে আসছে। বর্তমানে উক্ত এতিমখানায় মোট এতিম নিবাসীর সংখ্যা ২৪০ জন। সরকারি ক্যাপিটেশন গ্র্যান্ট, এলাকার স্থানীয় জনগণের দান, অনুদান, যাকাত ও আর্থিক সহযোগিতায় দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটি পরিচালিত হয়ে আসছে। প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এক্ষণে প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে একটি দোতলা পাকা ঘর নির্মাণ করা জরুরি। ৬ কক্ষ বিশিষ্ট দোতলা ভবন নির্মাণের জন্য প্রায় এক কোটি টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। উক্ত দোতলা ভবন নির্মাণের জন্য আপনার মন্ত্রণালয় হতে আর্থিক অনুদান ও সাহায্য প্রয়োজন।

অতএব মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন সারুটিয়া গ্রামে অবস্থিত বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানার নিজস্ব জমিতে দোতলা ভবন নির্মাণের জন্য আপনার মন্ত্রণালয় হতে কমপক্ষে ৫০ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করছি।

আব্দুল আলীম খান

(মোঃ আব্দুল আলীম খান)

সাধারণ সম্পাদক

বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা

সারুটিয়া, ফুলবাড়িয়া, ময়মনসিংহ

মোঃ আব্দুল আলীম খান

সাধারণ সম্পাদক

বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা
গ্রাম: সারুটিয়া, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ

হাবিবুল্লাহ বাশার

(মোঃ হাবিবুল্লাহ বাশার)

সভাপতি

বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা

সারুটিয়া, ফুলবাড়িয়া, ময়মনসিংহ

মোঃ হাবিবুল্লাহ বাশার

সভাপতি

বীর মুক্তিযোদ্ধা হজরত আলী এতিমখানা
গ্রাম: সারুটিয়া, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ

ডায়েরী নং: ২৬৮
তারিখ: ০৯/০৫/২০২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা